

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৮৭

১/ বিবিধ

আরবী

إذا صعد الخطيب المنبر، فلا صلاة ولا كلام
باطل

قد اشتهر بهذا اللفظ على الألسنة وعلق على المنابر ولا أصل له! وإنما رواه الطبراني في "الكبير" عن ابن عمرو مرفوعاً بلفظ: "إذا دخل أحدكم المسجد والإمام على المنبر فلا صلاة ولا كلام، حتى يفرغ الإمام" وفيه أيوب بن نهيك، قال ابن أبي حاتم في "الجرح والتعديل" (1 / 1 / 259): سمعت أبي يقول: هو ضعيف الحديث، سمعت أبا زرعة يقول: لا أحدث عن أيوب ابن نهيك، ولم يقرأ علينا حديثه وقال: وهو منكر الحديث، وقال الهيثمي في "المجمع" (2 / 184): وهو متروك ضعفه جماعة ... ولهذا قال الحافظ في "الفتح" (2 / 327): إنه حديث ضعيف، وأخرجه البيهقي في سننه (3 / 193) من حديث أبي هريرة مرفوعاً بلفظ: خروج الإمام يوم الجمعة للصلاة يقطع الكلام وقال

رفعه خطأ فاحش وإنما هو من كلام سعيد بن المسيب أو الزهري، وأقره الزيلعي في "نصب الراية" (2 / 201)، وإنما حكمت على الحديث بالبطلان لأنه مع ضعف سنده يخالف حديثين صحيحين: الأول: قوله صلى الله عليه وسلم: "إذا جاء أحدكم يوم الجمعة وقد خرج الإمام فليصل ركعتين". أخرجه البخاري ومسلم في "صحيحيهما" من حديث جابر، وفي رواية أخرى عنه قال: جاء سليك الغطفاني ورسول الله صلى الله عليه وسلم يخطب، فقال له: "يا سليك! قم فاركع ركعتين

وتجوز فيهما "، ثم قال: " إذا جاء أحدكم يوم الجمعة والإمام يخطب فليركع ركعتين وليتجوز فيهما "، أخرجه مسلم (3 / 14 - 15) وغيره، وهو مخرج في " صحيح أبي داود " (1023)

الآخر: قوله صلى الله عليه وسلم: " إذا قلت لصاحبك: أنصت، يوم الجمعة والإمام يخطب فقد لغوت " متفق عليه، وهو مخرج في " الإرواء " (619)

فالحديث الأول صريح بتأكد أداء الركعتين بعد خروج الإمام، بينما حديث الباب ينهي عنهما! فمن الجهل البالغ أن ينهي بعض الخطباء عنهما من أراد أن يصليهما وقد دخل والإمام يخطب خلافا لأمره صلى الله عليه وسلم، وإني لأخشى على مثله أن يدخل في وعيد قوله تعالى: (أرأيت الذي ينهى عبدا إذا صلى) وقوله: (فليحذر الذين يخالفون عن أمره أن تصيبهم فتنة أو يصيبهم عذاب أليم) ولهذا قال النووي رحمه الله: هذا نص لا يتطرق إليه التأويل، ولا أظن عالما يبلغه ويعتقده صحيحا فيخالفه والحديث الآخر يدل بمفهوم قوله: والإمام يخطب أن الكلام والإمام لا يخطب لا مانع منه، ويؤيده جريان العمل عليه في عهد عمر رضي الله عنه، كما قال ثعلبة بن أبي مالك: إنهم كانوا يتحدثون حين يجلس عمر بن الخطاب رضي الله عنه على المنبر حتى يسكت المؤذن، فإذا قام عمر على المنبر لم يتكلم أحد حتى يقضي خطبتيه كليهما، أخرجه مالك في " موطنه " (1 / 126) والطحاوي (1 / 217) والسياق له، وابن أبي حاتم في " العلل " (1 / 201) وإسناد الأولين صحيح

فثبت بهذا أن كلام الإمام هو الذي يقطع الكلام، لا مجرد صعوده على المنبر، وأن خروجه عليه لا يمنع من تحية المسجد، فظهر بطلان حديث الباب، والله تعالى هو الهادي للصواب

বাংলা

৮৭। খাতীব যখন মিস্বারে উঠে যাবে; তার পর সালাত (নামায/নামাজ)-ও নেই, কোন কথাও নেই।

হাদীসটি বাতিল।

হাদীসটি তাবারানী “মুজামুল কাবীর” গ্রন্থে ইবনু উমার (রাঃ) হতে মারফু হিসাবে নিম্নের এ ভাষায় উল্লেখ করেছেনঃ

إذا دخل أحدكم المسجد والإمام على المنبر فلا صلاة ولا كلام، حتى يفرغ الإمام

"তোমাদের কেউ যখন মসজিদে প্রবেশ করবে এমতাবস্থায় যে, ইমাম মিম্বারের উপরে, তখন ইমামের খুৎবা শেষ না করা পর্যন্ত আর কোন সালাত পড়া যাবে না এবং কোন কথাও বলা যাবে না।"

এ হাদীসের সনদে আইউব ইবনু নাহীক নামক এক বর্ণনাকারী আছেন। তার সম্পর্কে ইবনু আবী হাতিম “আল-জারহ ওয়াত-তা’দীল” গ্রন্থে (১/১/২৫৯) বলেনঃ আমি আমার পিতা হতে শুনেছি তিনি বলেনঃ হাদীসের ক্ষেত্রে তিনি দুর্বল। আবু যুরয়্যাহ হতে শুনেছি, তিনি বলেনঃ আইউব ইবনু নাহীক হতে আমি হাদীস বর্ণনা করব না এবং তার হাদীস আমাদের নিকট পড়াও হয় না। অতঃপর বলেছেনঃ তিনি একজন মুনকাররুল হাদীস।

হায়সামী “মাজমাউয যাওয়াইদ” গ্রন্থে (২/১৮৪) বলেনঃ وهو متروك ضعفه جماعة "তিনি মাতরুক, তাকে মুহাদ্দিসগণের এক জামা'আত দুর্বল আখ্যা দিয়েছেন।"

এ কারণেই হাফিয ইবনু হাজার “ফতহুল বারীর” মধ্যে (২/৩২৭) বলেছেনঃ হাদীসটি দুর্বল। আমি হাদীসটি বাতিল বলে হুকুম লাগিয়েছি। কারণ তার সনদে দুর্বলতা থাকা ছাড়াও এটি দুটি সহীহ হাদীস বিরোধীঃ

إذا جاء أحدكم يوم الجمعة والإمام يخطب فليركع ركعتين وليتجاوز فيهما

১। “তোমাদের কেউ জুম’আর দিবসে যখন (মসজিদে) আসবে এমতাবস্থায় যে, ইমাম খুৎবা দিচ্ছেন, তখন সে যেন সংক্ষেপে দু’রাকাআত সালাত আদায় করে।"

হাদীসটি মুসলিম শরীফে (৩/১৪/১৫) এবং আবু দাউদে (১০২৩) বর্ণিত হয়েছে। বুখারী এবং মুসলিম-এর বর্ণনাতেও জাবের (রাঃ) হতে অনুরূপ হাদীস এসেছে।

قوله صلى الله عليه وسلم: إذا قلت لصاحبك: أنصت، يوم الجمعة والإمام يخطب فقد لغوت

২। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ “তুমি যদি তোমার সঙ্গীকে জুম’আর দিবসে ইমাম খুৎবা দেয়ার সময় বল চুপ কর, তাহলে তুমি কটু কথা বললে।"

প্রথম হাদীসটি অত্যন্ত স্পষ্ট, যা তাগিদ দিচ্ছে খুৎবা চলাকালীন সময়ে দু’রাকাআত সালাত আদায় করার জন্য। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হাদীসের বিরোধিতা করে কিছু অজ্ঞ ইমাম/খতীব খুৎবা চলাকালীন সময়ে মসজিদে প্রবেশ করে যে ব্যক্তি দু’রাকাআত সালাত আদায় করতে চাই তাকে নিষেধ করেন।

আমার ভয় হয় তারা রসূলের হাদীসের বিরোধিতা করার কারণে নিম্নে বর্ণিত আয়াত দু’টিতে বর্ণিত শাস্তির অন্তর্ভুক্ত হয়ে যায় কি না।

أَرَأَيْتَ الَّذِي يَنْهَى عَبْدًا إِذَا صَلَّى

অর্থঃ “কোন বান্দা যখন সালাত আদায় করে তখন তাকে যে নিষেধ করে তাঁর সম্পর্কে আপনার সিদ্ধান্ত কী?”
(সূরা আ’লাকঃ ৯-১০)।

فَلْيَحْذَرِ الَّذِينَ يُخَالِفُونَ عَنْ أَمْرِهِ أَنْ تُصِيبَهُمْ فِتْنَةٌ أَوْ يُصِيبَهُمْ عَذَابٌ أَلِيمٌ

অর্থঃ "যারা আল্লাহর হুকুমের বিরোধিতা করে তাদের ভয় করা উচিত যে, তাদেরকে কোন বিপদ গ্রাস করবে বা তাদের উপর যন্ত্রণাদায়ক আযাব নাযিল হবে" (সূরা নূরঃ ৬৩)।

দ্বিতীয় হাদীসটি হতে বুঝা যাচ্ছে ইমাম খুৎবা শুরু করলে কথা বলা নিষেধ। খুৎবা শুরু না করে মিস্বারে বসে থাকা অবস্থায় কথা বললে তা নিষেধ নয়। কারণ উমার (রাঃ) এর যুগে তিনি যখন মিস্বারের উপর বসতেন তখনও লোকেরা মুয়াযযিন চুপ না হওয়া পর্যন্ত কথা বলতে থাকতেন। যখন তিনি মিস্বারে দাঁড়িয়ে যেতেন তখন দু’ খুৎবা শেষ না হওয়া পর্যন্ত আর কেউ কথা বলতেন না।

অতএব মিস্বারে উঠলেই কথা বলা নিষেধ এটি সঠিক নয়।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=5348>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন